# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি এক কাপড়ে সালাত আদায় করলে, কাপড়ের দুই প্রান্তকে বিপরীতভাবে দুই কাঁধের উপর রাখবে, কেননা কাপড়ের দুই প্রান্তকে বিপরীতভাবে দুই কাঁধের উপর না রাখা হলে হয়তো তা সাদল হবে আর না হয় ইশতেমালুস সাম্মা হবে (যা হাদীসে নিষিদ্ধ)

## ذِكْرُ الْأَمْرِ للمصلِّي فِي الثَّوْبِ الْوَاحِدِ بِالْمُخَالَفَةِ بَيْنَ طَرَفَيْهِ عَلَى عَاتِقِهِ إِذِ الِاتِّشَاحُ فِيهِ مِنْ غَيْرِ الْمُخَالَفَةِ بَيْنَ طَرَفَيْهِ لَا يَخْلُو مِنَ السَّدْلِ أَوِ اشْتِمَالِ الصَّمَّاء

আরবী

2301 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عِكْرِمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا صَلَّى أَحَدُكُمْ فِي الثَّوْبِ الْوَاحِدِ فَلْيُخَالِفْ بَيْنَ طَرَفيهِ على عاتِقِه)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2301 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (638): خ.

বাংলা

২৩০১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ এক কাপড়ে সালাত আদায় করবে, তখন সে যেন কাপড়ের দুই প্রান্তকে বিপরীতভাবে দুই কাঁধের উপর (অর্থাৎ ডান প্রান্তকে বাম কাঁধের উপর আর বাম প্রান্তকে ডান কাঁধের উপর) রাখে।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৩৭৪; মুসনাদ আহমাদ: ২/২৬৬; আবূ দাঊদ: ৬২৭; তাহাবী: ১/৩৮১; সহীহ আল

বুখারী: ৩৬০; বাগাবী: ৫১৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91619

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন